Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই মাঘ বুধবার ১৩৬৩ ইংরাজী 30th Jan. 1957 | ৩৬শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



## চা! চা!! চা!!!

দার্জ্জিলিং, আসাম ও ডুয়ার্সের ভাল চা পেতে হ'লে চা-সংসদে আসুন। রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান চা-সংসদ।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইনষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে "বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা। ডাক্তার শীলের হোমিও ইন্জেকশান ও পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়।

হ্যানিম্যান হল

খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৬ই মাঘ বুধবার সন ১৩৬৩ সাল।

## ৩০শে জানুয়ারী

—•—

এই তারিখটি ভারতবাসীর অধিকাংশের পক্ষেই শোকাবহ। ২৩শে জানুয়ারী নেতাজীর জন্মদিনের উৎসবের সাত দিন পরই এই নির্ম্মম দিন স্মরণ পথে আসিয়া "জাতির জনক" নামে বর্ণিত মহাত্মা গান্ধীর শোচনীয় তিরোভাব তাঁহার গুণগ্রাহী মাত্রের মর্ম্মপীড়া দিতে আসিয়া উদয় হয়। ভারত স্বাধীনতা লাভ করিল ১৯৪৭ অব্দের ১৪ই আগষ্ট—মাত্র ১৬৯ দিন এই সদ্য শৃঙ্খলমুক্ত ভারতমাতার বক্ষে অবস্থান করিয়া তিনি আততায়ীর আক্রমণে নশ্বর মানবদেহ ত্যাগ করিয়া দিব্যধামে মহাপ্রয়াণ করিতে বাধ্য হইলেন। স্বাধীনতা লাভের পর যে কয় দিন বাঁচিয়া ছিলেন—ভারতের শাসন কর্ম্মরত রাজপুরুষগণকে উদ্দেশ করিয়া বলিয়াছিলেন—এই দীন হীন, অন্নের কাঙাল ভারতের কোনও রাজপুরুষের ৫০০৲ পাঁচ শতের অধিক মাসিক বেতন গ্রহণ করা উচিত নহে। দেশ তাঁহার এই উপদেশ তাঁহার অনুরক্ত ভক্তবৃন্দ, যাঁহারা তাঁহাকে বাপুজী (পিতা) বলিয়া মধুর বচনে সম্বোধন করিতেন, নিশ্চয়ই বাপুজীর এই উপদেশ বা অনুরোধ অক্ষরে অক্ষরে পালন করিলে দেশের মাথাভারী শ্বেতহস্তীরা যে কাঁড়ি কাঁড়ি টাকা শোষণ করিয়া দেশের কষ্টার্জিত অর্থ নিজেদের মধ্যে ভাগাভাগি করিয়া লইত, দেশবাসী এই লুণ্ঠন হইতে রক্ষা পাইয়া সুখে স্বচ্ছন্দে দুটো মোটা ভাত ও দুখানা মোটা কাপড় পরিয়া দিনপাত করিতে পারিবে। আপামর সাধারণ বড় আশায় বুক বাঁধিয়াছিল। যে সব গান্ধীভক্ত কংগ্রেসী পরাধীন ভারতে ত্যাগের পরাকাষ্ঠা দেখাইয়া স্বাধীনতা আমদানী করিয়াছে বলিয়া আত্মপ্রচার করিয়া থাকে। যাহারা সারাদিনে ৵০ আনার মুড়ি, ছাতু, চিড়ে খাইয়া দিনপাত করিয়াছে বলিয়া নিজের ত্যাগের মহিমা প্রচার করে। আজ তাদের মধ্যে চুপ চুপ করিয়া নিজেদের মধ্যে হিসাব করিয়া দেখুন তার কি মাসিক আয় ছিল, আজ প্রকাশ্য এবং গোপন আয় কত উঠিয়াছে। যাঁহারা নিজের গাড়ী পেয়েছেন একবার ভাবুন নয় বৎসর পূর্ব্বে হাঁটুর কাপড় তুলিয়া হণ্টন ছাড়া যাতায়াতের উপায় ছিল না। ব্ল্যাক মার্কেট ওয়ালাদের গুলি করিয়া মারিবার প্রতিশ্রুতি আমরা শুনিয়াছি। আজ সাধারণ উকীল, ব্যারিষ্টার মাসে কত পাইতেছেন। ইঁহারা যখন বাপুজীর জন্য ৯ বৎসর পরও যাত্রা থিয়েটারের অভিনেতার মত বিনাইয়া বিনাইয়া কাঁদিয়া বুক ভাসাইয়া দেন, তাঁহাদের উদ্দেশে বলিতে ইচ্ছা করে ছেলেদের হেঁয়ালীর মত—

নাই তাই খাচ্ছো
থাকলে কোথা পেতে ?
কহেন কবি কালিদাস
পথে যেতে যেতে।

তবে বাংলার প্রাক্তন রাজ্যপাল স্বনামধন্য স্বর্গত ডাঃ হরেন্দ্রকুমার মুখার্জ্জি গান্ধীজীর এই বাক্য অক্ষরে অক্ষরে প্রতিপালন করিয়াছেন। তাঁহার মাসিক বেতন ৫৫০০৲ সাড়ে পাঁচ হাজারের মধ্যে মাত্র ৫০০৲ টাকা লইয়া সন্তুষ্ট ছিলেন।

অনেকে আবার কাহারও কাহারও দৃষ্টান্ত দেখান যে অমুক অমুক বিনা বেতনে খাটেন। এক পয়সাও গ্রহণ করেন না। তাঁহারা একবার ভাবুন কত টাকা সরকারী তহবিল হইতে তাঁহাদের হাত দিয়া খরচ হয়।

আমরা গান্ধীজীর তিরোভাব দিনে মস্তক অবনত করিয়া তাঁহার আত্মার উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করি।

---

## চুরি

দিন কয়েক পূর্ব্বে রঘুনাথগঞ্জ বাজারপাড়ায় শ্রীকৃষ্ণেন্দু কুণ্ডু মহাশয়ের নটকোনার দোকান হইতে সরিষার তৈল, লঙ্কা, চিড়ে, সাবান প্রভৃতি চুরি হইয়া গিয়াছে। চোরে বাছিয়া বাছিয়া বেশী দরের জিনিষই লইয়াছে।

---

## নির্ব্বাচনে বিপরীত রীত

—০—

নৃপ-নন্দন কঙ্গ-রসে রসিয়া,
পরিধান ধুতি খদ্দর কষিয়া,

দ্বিজ-নন্দন চন্দন-পুষ্প করে,
অতি হীন জনে ধরি তুষ্ট করে।

যিনি বিপ্রকুলোদ্ভব বর্ণগুরু—
এক ভোট-তরে ধরে শূদ্র-উরু

ধরি বিপ্র-পদে নত শূদ্র কহে—
ছি ছি কী কর ঠাকুর, কী কর হে!

নতজানু হ'য়ে মম জানু ধরি,
তব সূত্র শিখা অপমান করি—

ইহকাল তরে পরকাল দিলে,
হীরক ফেলি ছিঃ কাচ নিলে!

কত অট্টালিকাবাসী পাট্টাধারী
চলে বিদ্বান্ উত্থান পাল-বাড়ী!

কত শিক্ষাভিমানীরা ভিক্ষা করে
চলে লক্ষপতি দীনে লক্ষ্য ক'রে।

যিনি তস্কর-দলপতি দৈত্য গুরু
তিনি বাক্য দানে আজি কল্পতরু!

ঠেলি নর্দ্দমা-কর্দ্দম অর্দ্ধ রাতে
কত মন্দ জনে চলে ফর্দ্দ হাতে।

ঘৃণাব্যঞ্জক স্বরে যারে ত্যানা কহে—
বলে তেনু কাকা বাড়ীতে আছ হে!

(আজি) কোন্ দলে কোন্ দলে কোন্দল হে!
অহিংস দলে শুনি হিংস নহে।

(তব) কঙ্গরসে দেখি ভঙ্গ রণে
সদা শঙ্কিত কেন যে বিপক্ষগণে।

---

## নূতন সাপ্তাহিক

খাগড়া 'উদয়ন প্রেস' হইতে অধ্যাপক শম্ভু ঘোষ মহাশয়ের সম্পাদনায় 'জনমত' নামে একখানি সাপ্তাহিক পত্রিকা বাহির হইতেছে। আমরা নবীন সহযোগীর স্থায়িত্ব কামনা করি।

## জন-প্রতিনিধিত্ব ( নির্বাচন পরিচালন ও নির্বাচনী দরখাস্ত ) নিয়মাবলী, ১৯৫৬

### নিদর্শ ( ফরম ) ১

### নির্বাচনের নোটিস

( নিয়ম ৩ দ্রষ্টব্য )

পশ্চিমবঙ্গীয় বিধানসভায় নির্বাচন।
৩০-ফরাক্কা নির্বাচনক্ষেত্র।
এতদ্দ্বারা নোটিস দেওয়া যাইতেছে যে—

(১) ৩০-ফরাক্কা নির্বাচনক্ষেত্রের জন্য নির্দিষ্ট আসনটি পূরণ করিবার জন্য একজন সদস্যকে নির্বাচন করিতে হইবে।

(২) প্যারাগ্রাফ ৬-এ উল্লিখিত আধিকারিকদের অফিসে ২৩শে জানুয়ারী, ১৯৫৭ ( তারিখ ) হইতে ২রা ফেব্রুয়ারী, ১৯৫৭ ( তারিখ ) পর্যন্ত বেলা পূর্বাহ্ণ ১১টা হইতে অপরাহ্ণ ৩টার মধ্যে মনোনয়নপত্রের নিদর্শ ( ফরম ) পাওয়া যাইবে।

(৩) নির্বাচনপ্রার্থী অথবা তাঁহার প্রস্তাবক প্যারাগ্রাফ ৬-এ উল্লিখিত যে-কোন আধিকারিকের নিকট তাঁহার অফিসে ২রা ফেব্রুয়ারী, ১৯৫৭ তারিখে বা তৎপূর্ববর্তী যে-কোন দিনে, সকাল ১১টা হইতে বিকাল ৩টার মধ্যে, মনোনয়নপত্র অর্পণ করিতে পারিবেন।

(৪) জঙ্গিপুর-মহকুমা ম্যাজিষ্ট্রেটের অফিস, রঘুনাথগঞ্জ ( স্থানের নাম ) ৬ই ফেব্রুয়ারী, ১৯৫৭ ( তারিখে ) বেলা ১১টায় মনোনয়নপত্রগুলির সমীক্ষা ( স্ক্রুটিনি ) আরম্ভ হইবে।

(৫) কোন নির্বাচনপ্রার্থী কিংবা তাঁহার প্রস্তাবক বা নির্বাচন-নিযুক্তক ( ইলেকশন এজেণ্ট ), প্যারাগ্রাফ ৬-এ উল্লিখিত যে-কোন আধিকারিকের নিকট তাঁহার অফিসে ৯ই ফেব্রুয়ারী, ১৯৫৭ তারিখে বিকাল ৩টার পূর্বে প্রাথিতা-প্রত্যাহারের নোটিস অর্পণ করিতে পারিবেন।

(৬) নিম্নলিখিত সারণীর প্রথম স্তম্ভে ( কলমে ) উল্লিখিত যে-কোন আধিকারিকের নিকট, ঐ আধিকারিকের পদ-নামের পাশাপাশি, সারণীর দ্বিতীয় স্তম্ভে ( কলমে ) যে অফিসের উল্লেখ থাকে সেই অফিসে, মনোনয়নপত্র এবং প্রাথিতা-প্রত্যাহারের নোটিস অর্পণ করিতে পারা যাইবে।

**সারণী**

| আধিকারিকের পদ-নাম<br>১ | অফিসের ঠিকানা<br>২ |
|---|---|
| ১। নির্বাচন-আধিকারিক ( রিটার্নিং অফিসার ) | রঘুনাথগঞ্জ |
| ২। সহ-নির্বাচন-আধিকারিক ( এসিষ্টেণ্ট রিটার্নিং অফিসার ) | রঘুনাথগঞ্জ |

(৭) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা হইলে, ৪ঠা মার্চ্চ, ১৯৫৭ তারিখে বেলা ৮টা হইতে বেলা ১২টা এবং পুনরায় বেলা ১টা হইতে বেলা ৫টার মধ্যে ভোট গ্রহণ করা হইবে।

Sd./- S. Chowdhury
নির্বাচন-আধিকারিক
( রিটার্নিং অফিসার ),
৩০-ফরক্কা নির্বাচনক্ষেত্র।

তারিখ ২৩শে জানুয়ারী, ১৯৫৭
ঠিকানা রঘুনাথগঞ্জ।

## The Representation of the People ( Conduct of Elections and Election Petitions) Rules, 1956

### FORM 1

### NOTICE OF ELECTION

(See rule 3)

Election to the West Bengal Legislative Assembly.

Notice is hereby given that—

(1) an election is to be held of a member to fill the seat allotted to the 30-Farakka constituency.

(2) forms of nomination paper may be obtained at the offices of the officers specified in paragraph 6 between the hours of 11 A. M. and 3 P M. from 23rd. January, 1957 (date) to 2nd February, 1957 (date).

(3) nomination papers may be delivered between the hours of 11 in the morning and 3 in the afternoon by a candidate or his proposer to any of the officers specified in paragraph 6 at his office on any day not later than the 2nd. day of February, 1957.

(4) the nomination papers will be taken up for scrutiny at 11 A. M. (hours) on 6th. February, 1957 (date) at the office of the (place) Jangipur Sub Divisional Magistrate at Raghunathganj

(5) notice of withdrawal of candidature may be delivered by a candidate, his proposer or election agent to anyone of the officers specified in paragraph 6 at his office before 3 P. M. on 9th February, 1957.

(6) nomination papers and notices of withdrawal may be delivered to any of the officers specified in the first column of the following table at his office specified in the corresponding entry in the second column of the table :—

**TABLE**

| Designation of officer<br>1 | Location of office<br>2 |
|---|---|
| 1. Returning Officer. | Raghunathganj. |
| 2. Assistant Returning Officer. | Raghunathganj. |

(7) in the event of the election being contested, the poll will take place on 4th March, 1957 between the hours of 8 A. M. to 12 noon and again from 1 P. M. to 5 P. M.

Sd./- S. Chowdhury
Returning Officer,
30-Farakka constituency.

Date 23rd January, 1957.
Place Raghunathganj.

# জন-প্রতিনিধিত্ব ( নির্বাচন পরিচালন ও নির্বাচনী দরখাস্ত ) নিয়মাবলী, ১৯৫৬

## নিদর্শ ( ফরম ) ১

## নির্বাচনের নোটিস

( নিয়ম ৩ দ্রষ্টব্য )

পশ্চিমবঙ্গীয় বিধানসভায় নির্বাচন।

৩১-সুতী নির্বাচনক্ষেত্র।

এতদ্দ্বারা নোটিস দেওয়া যাইতেছে যে—

(১) ৩১-সুতী নির্বাচনক্ষেত্রের জন্য নির্দিষ্ট আসনটি পূরণ করিবার জন্য একজন সদস্যকে নির্বাচন করিতে হইবে।

(২) প্যারাগ্রাফ ৬-এ উল্লিখিত আধিকারিকদের অফিসে ২৩শে জানুয়ারী, ১৯৫৭ ( তারিখ ) হইতে ২রা ফেব্রুয়ারী, ১৯৫৭ ( তারিখ ) পর্যন্ত বেলা পূর্বাহ্ণ ১১টা হইতে অপরাহ্ণ ৩টার মধ্যে মনোনয়নপত্রের নিদর্শ ( ফরম ) পাওয়া যাইবে।

(৩) নির্বাচনপ্রার্থী অথবা তাঁহার প্রস্তাবক প্যারাগ্রাফ ৬-এ উল্লিখিত যে-কোন আধিকারিকের নিকট তাঁহার অফিসে ২রা ফেব্রুয়ারী, ১৯৫৭ তারিখে বা তৎপূর্ববর্তী যে-কোন দিনে, সকাল ১১টা হইতে বিকাল ৩টার মধ্যে, মনোনয়নপত্র অর্পণ করিতে পারিবেন।

(৪) জঙ্গিপুর-মহকুমা ম্যাজিষ্ট্রেটের অফিস, রঘুনাথগঞ্জ ( স্থানের নাম ) ৬ই ফেব্রুয়ারী, ১৯৫৭ ( তারিখে ) বেলা ১১টায় মনোনয়নপত্রগুলির সমীক্ষা ( স্ক্রুটিনি ) আরম্ভ হইবে।

(৫) কোন নির্বাচনপ্রার্থী কিংবা তাঁহার প্রস্তাবক বা নির্বাচন-নিযুক্তক ( ইলেকশন এজেণ্ট ), প্যারাগ্রাফ ৬-এ উল্লিখিত যে-কোন আধিকারিকের নিকট তাঁহার অফিসে ৯ই ফেব্রুয়ারী, ১৯৫৭ তারিখে বিকাল ৩টার পূর্বে প্রার্থিতা-প্রত্যাহারের নোটিস অর্পণ করিতে পারিবেন।

(৬) নিম্নলিখিত সারণীর প্রথম স্তম্ভে ( কলমে ) উল্লিখিত যে কোন আধিকারিকের নিকট, ঐ আধিকারিকের পদ-নামের পাশাপাশি, সারণীর দ্বিতীয় স্তম্ভে ( কলমে ) যে অফিসের উল্লেখ থাকে সেই অফিসে, মনোনয়নপত্র এবং প্রার্থিতা-প্রত্যাহারের নোটিস অর্পণ করিতে পারা যাইবে।

### সারণী

| আধিকারিকের পদ-নাম<br>১ | অফিসের ঠিকানা<br>২ |
|---|---|
| ১। নির্বাচন-আধিকারিক ( রিটানিং অফিসার ) | রঘুনাথগঞ্জ |
| ২। সহ-নির্বাচন-আধিকারিক ( এসিষ্টেণ্ট রিটানিং অফিসার ) | রঘুনাথগঞ্জ |

(৭) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা হইলে, ৭ই মার্চ্চ, ১৯৫৭ তারিখে বেলা ৮টা হইতে ১২টা এবং পুনরায় বেলা ১টা হইতে ৫টার মধ্যে ভোট গ্রহণ করা হইবে।

Sd/- S. Chowdhury
নির্বাচন-আধিকারিক
( রিটানিং অফিসার ),
৩১-সুতী নির্বাচনক্ষেত্র।

তারিখ-২৩শে জানুয়ারী, ১৯৫৭

ঠিকানা রঘুনাথগঞ্জ।

# The Representation of the People ( Conduct of Elections and Election Petitions) Rules, 1956

## FORM 1

## NOTICE OF ELECTION

(See rule 3)

Election to the West Bengal Legislative Assembly.

Notice is hereby given that—

(1) an election is to be held of a member to fill the seat allotted to the 31-Suti constituency.

(2) forms of nomination paper may be obtained at the offices of the officers specified in paragraph 6 between the hours of 11 A. M. and 3 P. M. from 23rd. January, 1957 (date) to 2nd February, 1957 (date).

(3) nomination papers may be delivered between the hours of 11 in the morning and 3 in the afternoon by a candidate or his proposer to any of the officers specified in paragraph 6 at his office on any day not later than the 2nd. day of February, 1957.

(4) the nomination papers will be taken up for scrutiny at 11 A. M. (hours) on 6th. February, 1957 (date) at the office of the (place) Jangipur Sub Divisional Magistrate at Raghunathganj

(5) notice of withdrawal of candidature may be delivered by a candidate, his proposer or election agent to anyone of the officers specified in paragraph 6 at his office before 3 P. M. on 9th February, 1957.

(6) nomination papers and notices of withdrawal may be delivered to any of the officers specified in the first column of the following table at his office specified in the corresponding entry in the second column of the table :—

### TABLE

| Designation of officer<br>1 | Location of office<br>2 |
|---|---|
| 1 Returning Officer. | Raghunathganj. |
| 2. Assistant Returning Officer. | Raghunathganj. |

(7) in the event of the election being contested, the poll will take place on 7th March, 1957 between the hours of 8 A. M. to 12 noon and again from 1 P. M. to 5 P. M.

Sd/- S. Chowdhury
Returning Officer,
31-Suti Assembly constituency.

Date 23rd January, 1957.
Place Raghunathganj.


২৬শে জানুয়ারী
সকলের শুভ সংকল্পে ও
সম্মিলিত কর্ম প্রচেষ্টায় গ'ড়ে উঠুক
সোনার বাংলা
পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রচারিত

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১১ই ফেব্রুয়ারী ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩০৬ খাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং শ্যামাপদ রায় দিং দাবি ৮৬৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহাজাদপুর ৯-৯২ শতকের কাত ২৬৷৩ পাই আঃ ৫০৲ খং ২২৩ রায়ত স্থিতিবান স্বত্ব

৩০৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৮৬ থানা ঐ মৌজে হুদরাপুর ৮৯ শতকের কাত ২৮৶১০ পাই আঃ ১০৲ খং ১২৫ রায়ত মোকররী স্বত্ব

৩০৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৶০ মৌজাদি ঐ ১-৩৭ শতকের কাত ৪৷৶৬ পাই আঃ ৫৲ খং ১২৬ ঐ স্বত্ব

২৯৬ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং শ্রীকুমার রায় দিং দাবি ৩৩৮৴৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেণ্ডা জামুয়ার ২-৭০ শতকের কাত ১১৷০ আঃ ২০০৲ খং ৭৪৮৷৪৩ রায়ত স্থিতিবান

২৯৭ খাং ডিঃ ঐ দেং সর্ব্বমঙ্গলা দেবী দাবি ৫৯৮/৬ মৌজাদি ঐ ৩-৫৯ শতকের কাত ১২৷৴৬ আঃ ৫০০৲ খং ৪৩

২৫৫ খাং ডিঃ ঐ দেং গঙ্গাধর মাল দাবি ১৪৮৶৯ থানা ঐ মৌজে মণ্ডলপুর ৭ শতকের কাত ১৲ আঃ ৫০৲ খং ৭১২

২৫৬ খাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দাবি ২৬৷৷৴৬ থানা ঐ মৌজে বিজয়পুর ১-৪৭ শতকের কাত ৯৴৩ পাই আঃ ১০০৲ খং ২২

২৫৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৮৩ থানা ঐ মৌজে মণ্ডলপুর ২ একর জমির কাত ৫৮৶১০ আঃ ১০০৲ খং ৯৫৪ রায়ত স্থিতিবান

২৫৭ খাং ডিঃ ঐ দেং পূর্ণচন্দ্র কুনাই দিং দাবি ১৭/৯ মৌজাদি ঐ ২১ শতকের কাত ২৷০ আঃ ২০৲ খং ৯৪২ রায়ত স্থিতিবান

৪৮ মনি ডিঃ ঐ দেং শ্রীপতি মাল দিং দাবি ৭৩৲ থানা ঐ মৌজে সাহেবনগর ২৮ শতকের কাত ১৮০ আঃ ৫৲ খং ১১১ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ১৫ শতকের কাত ১৷৷০ আঃ ৫০৲ খং ১১৭ ঐ স্বত্ব

১৬২ খাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দিং দেং মহিবুল্লা সেখ দাবি ১৫৮৶০ থানা সুতী মৌজে রাতুরী ৩-৮৯ শতকের কাত ২৫৮/৫ আঃ ৩৮৫৲ খং ৩৩

২০৩ খাং ডিঃ অনিলকুমার সেন দিং দেং আব্বাস সেখ দিং দাবি ৭৯৮৴৬ থানা সুতী মৌজে আলোয়ানী ২-৬৬ শতকের কাত ২৪৲ আঃ ৩০৲ খং ৩৫৮ স্থিতিবান স্বত্ব

২৮ অন্য ডিঃ রজনীমণি দাসী দেং সুরেন্দ্রনারায়ণ ঘোষ দাবি ১৯৬৷৶৬ থানা সুতী মৌজে ঘোড়াপাখিয়া গাঙ্গিন ৩১ শতকের কাত ২৮১১ আঃ ৫০৲ খং ২৮৪ ; ২নং লাট মৌজাদি ঐ ১৮ শতকের কাত ১৷/২ আঃ ৫০৲ খং ৩৫২

৮৭ খাং ডিঃ জ্যোতিশচন্দ্র ঘোষ দেং মঃ বেদার আলী দিং দাবি ৭৫৮৯ থানা সুতী মৌজে কুসুমগাছি ৬-৩৭ শতকের কাত ১৯৷৷৫ আঃ ২৫৲ খং ৫৭৫

৮৮ খাং ডিঃ ঐ দেং ফদনী বিবি দাবি ২৯৷৴৬ মৌজাদি ঐ ৯২ শতকের কাত ৬৲৭ আঃ ১৫৲ খং ৫৬৩ ও ২১৩

৯ স্বত্ব ডিঃ এষ্টেট অব ওয়েষ্ট বেঙ্গল দেং ফরজুন সেখ দিং দাবি ৩৫/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রমাকান্তপুর ১০ শতকের কাত ৷৷/২ আঃ ২০৲ খং ১৫৮

৩৬ স্বত্ব ডিঃ ঐ দেং সেবাইত ননীগোপাল সাহা দাবি ১৪৯/৬ থানা ঐ মৌজে গদাইপুর ২-২৫ শতকের কাত ২১৷/০ আঃ ১৫০৲ খং ১৮২

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৮ই ফেব্রুয়ারী ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩৫ খাং ডিঃ গৌরচন্দ্র আলিপাত্র দিং দেং সৌরেন্দ্রমোহন গাঙ্গুলী বিশ্বাস দিং দাবি ২১/০ থানা সাগরদীঘি মৌজে বলরামবাটী ১৯ শতকের সেস ৶০ আঃ ৫৲ খং ২৩৭

৩৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৷৷৶০ মৌজাদি ঐ ১-৪২ শতকের সেস ৷৩ আঃ ১৫৲ খং ৮৭৯

২১২ খাং ডিঃ ভূপেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং সদানন্দ চৌধুরী দিং দাবি ১৯৮৶০ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ২-৩ শতকের কাত ২৷৬ আঃ ১০৲ খং ১৫৫৷১৫৬

২৪৫ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং আবদুল গোফুর সেখ দাবি ১৮৷৬ পাই থানা সাগরদীঘি মৌজে সাওরাইল ১২ শতকের কাত ২৷৷৴০ আঃ ১৫৲ খং ১২

২৪৬ খাং ডিঃ ঐ দেং ষোড়শীবালা দাসী দাবি ৭৬৷৴৬ থানা ঐ মৌজে দাক্ষিণপাড়া নওপাড়া ৫-৬৮ শতকের কাত ২৫৷৷৴৫ আঃ ৫০৲ খং ৭০৩

২৪৮ খাং ডিঃ ঐ দেং মধুসূদন মাজ্জিত দাবি ২৬৷৷৴০ থানা ঐ মৌজে সাওরাইল ১-৯২ শতকের কাত ৫৮/০ খং ৫৯

২৪৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৭/৩ পাই মৌজাদি ঐ ১৭-৯৭ শতকের কাত ৫৪৷৶০ আঃ ১০০৲ খং ৫৯

২৫০ খাং ডিঃ ঐ দেং ফণিভূষণ সরকার দিং দাবি ২৭৷৶৯ পাই মৌজাদি ঐ ১-১২ শতকের কাত ৬৷৴৮ আঃ ১৫৲ খং ১২

২৫১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৮৴৬ পাই মৌজাদি ঐ ১-৩১ শতকের কাত ৪৮৶৯ আঃ ১৫৲ খং ৬৩৬

২৫২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৷৶০ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ৷৴৯ আঃ ৫৲ খং ২৯৮

২৩৭ খাং ডিঃ ঐ দেং অজয় সিংহ কুঠারী দিং দাবি ২৯৷৷/০ থানা ঐ মৌজে কোমড্ডা ২-৬৫ শতকের কাত ৬৮/৩ আঃ ১০৲ খং ৩৩

২৩৮ খাং ডিঃ ঐ দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ৮০৷৶৯ থানা ঐ মৌজে চণ্ডীগ্রাম দিং ২-৫৬ শতকের কাত ১৫৮৶৪ আঃ ২৫৲ খং ৩৬১

২৪০ খাং ডিঃ ঐ দেং রামনাথ সিংহ দিং দাবি ১০৩৷৷৩ থানা ফরাক্কা মৌজে জাফরগঞ্জ ৪-১৯ শতকের কাত ২২৷৴৬ আঃ ২৫৲ খং ৬৬৮

১৪৬ খাং ডিঃ ঐ দেং সরোজবন্ধু ভাদুরী দাবি ৭৭৷৷৴৬ পাই থানা ঐ মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ৪-৩৬২ শতকের কাত ১৯৷৷৶৬ আঃ ৫০৲ খং ৭২৪

১৫০ খাং ডিঃ ঐ দেং সরোজবন্ধু ভাদুরী দিং দাবি ১৪৩৮/৩ পাই মৌজাদি ঐ ৭-৮৩ শতকের কাত ৩৯৷/০ আঃ ৬০৲ খং ৭২৪

২৩৬ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং অনিলকুমার ঘোষ দিং দাবি ৪০৷৷/৩ পাই থানা সাগরদীঘি মৌজে মাঠথাগড়া ২-৯২ শতকের কাত ৪৶০ আঃ ১০৲ খং ৩৩১

২২৮ খাং ডিঃ হরিহর ঘোষাল দেং আবদুল শোভান সেখ দিং দাবি ১৭৷৷৶৬ থানা সাগরদীঘি মৌজে ঠাকুরপাড়া ৭৯ শতকের কাত ১৷৴০ রকম ৷৷০ আঃ ১০০৲ খং ১২৬

২২৯ খাং ডিঃ ঐ দেং তিনকড়ি চট্টোপাধ্যায় দিং দাবি ১৯৷৶৩ পাই থানা ঐ মৌজে খাড়িওর ১-২৮ শতকের কাত ৩৷৴০ আঃ ১২৫৲ খং ৯৬

২৩০ খাং ডিঃ ঐ দেং মোসলেম বিশ্বাস দাবি ১২৷০ থানা ঐ মৌজে ঠাকুরপাড়া একরখি ১-৮০ শতকের কাত ৫৷৷/৬ আঃ ৫০৲ খং ৯৯, ২০০

১৯৯ খাং ডিঃ রাজবাই বর্ম্মণ্যা দেং এসাহাক সরকার দাবি ৮৮৮/৩ থানা সাগরদীঘি মৌজে চোঙ্গাপুকুরিয়া ১৩৮৮ শতকের কাত ১৮৷৷৶১১ আঃ ২৫৲ খং ২৬

———

## প্রজাতন্ত্র দিবস

গত ২৬শে জানুয়ারী শনিবার জঙ্গিপুর, রঘুনাথগঞ্জ সহরে এবং মহকুমার বিভিন্ন স্থানে প্রজাতন্ত্র দিবস যথারীতি পালন করা হইয়াছে। জঙ্গিপুর ফৌজদারী আদালতে মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় জাতীয় পতাকা উত্তোলন করেন এবং পুলিশবাহিনীর অভিবাদন গ্রহণ করেন। ঐ সময় আদালত প্রাঙ্গণে সরকারী কর্ম্মচারিগণ ও জনসাধারণ উপস্থিত ছিলেন। সরকারী অফিস সমূহে, সমস্ত বিদ্যালয়ে, যানবাহনে এবং সাধারণ বাড়ীতে জাতীয় পতাকা উত্তোলিত হয়। জঙ্গিপুর কলেজে সর্ব্বধর্ম প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়।

## বিজলী বাতি কবে জ্বলিবে?

রঘুনাথগঞ্জে বিজলী বাতি কবে জ্বলিবে—এ কথার উত্তর কে দিবে? খুঁটি পুঁতেছে, তাতে রং দিয়েছে, তার ঝুলিয়েছে। ভাগীরথী বক্ষে বহু প্রত্যাশিত কেবল্ পড়েছে আর বাকী কি? বিভাগীয় কর্ম্মিগণকে মাঝে মাঝে 'প্লাস্' হাতে খুঁটি বেয়ে নামাউঠা করতে দেখা যাচ্ছে। আশায় থাকুন—একদিন জ্বলবেই। খুঁটি উঠিয়ে নিয়ে যাবে না—সে বিষয়ে নিশ্চিন্ত থাকুন।

## রবি শস্যের ক্ষতি

অসময়ে বৃষ্টি ও বন্যা হওয়ায় সুতী থানার অন্তর্গত হারোয়া, গাম্ভীরা, ডাঁই, বংশবাটী, আলোয়ানী, সরলা, বসন্তপুর, আহিরণ, নজিরপুর প্রভৃতি মাঠের রবিশস্য একবারে নষ্ট হইয়া গিয়াছে। চাষী গৃহস্থগণের হালের বলদ ও গাইবাছুর মরিয়া যাওয়ায় তাহারা নিদারুণ কষ্টে পতিত হইয়াছে।

## চাউলের দর

রঘুনাথগঞ্জে চাউলের আমদানী কমিয়া গিয়াছে। বর্ত্তমানে ১৯৲—১৯৷৹ টাকা মণ দরে সাধারণ মোটা চাউল বিক্রয় হইতেছে। মিহি-চাউল দুষ্প্রাপ্য হইয়াছে।

## পাকা ধানে মই

অসময়ে বৃষ্টি হওয়ায় রাঢ় অঞ্চলের গৃহস্থগণের ধানের পালা পচিয়া গিয়া প্রায় অর্দ্ধেক ধান নষ্ট হইয়া গিয়াছে। গৃহস্থগণ গরু বাছুরের খাদ্য খড়ের অভাব পড়িবে এই আশঙ্কায় বিশেষ চিন্তান্বিত হইয়াছে। মাঘ মাসেই খড়ের দর চরমে উঠেছে খইল ও ভূষির দরও চড়া।

## মিথ্যা ভ্রমণ ভাতা দাবী করায় কর্ম্মচ্যুত

বাণিজ্য ও ভোগ্যদ্রব্য মন্ত্রণালয়ের উৎপাদন সংক্রান্ত বিভাগের জনৈক ডেপুটি ডাইরেক্টর মিথ্যা ভ্রমণ ভাতা দাবী করায় তাহাকে কর্ম্মচ্যুত করা হইয়াছে। ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন উহা অনুমোদন করিয়াছেন।

এই অফিসারটি নিম্ন শ্রেণীর রেল গাড়ীতে ভ্রমণ করিয়া উচ্চ শ্রেণীর রেলের ভাড়া দাবী করে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দিল্লীস্থিত বিশেষ পুলিশ সংস্থা এই ব্যাপারের তদন্ত চালান। —প্রেঃ ইঃ বুঃ

## পরলোকে

বিধান সভার সদস্য বেলডাঙ্গার শ্রীক্ষিতীশচন্দ্র ঘোষ মহাশয় করোনারী থ্রম্বসিস রোগে গত ২৪শে জানুয়ারী বহরমপুর সদর হাসপাতালে প্রাণত্যাগ করিয়াছেন। আমরা তাঁহার পরলোকগত আত্মার চির শান্তি কামনা করিতেছি।


## বাড়ী বিক্রয়

জঙ্গিপুর মহাবীরতলার নিকটে একখানি ইলেক্‌ট্রিক আলো সহ দশটি ঘর বিশিষ্ট প্রায় ৮ কাঠা জায়গায় পাকা দোতলা বাড়ী বিক্রয় হইবে। নিম্নলিখিত ঠিকানায় অনুসন্ধান করুন।

দুঃখভঞ্জন সান্যাল, জঙ্গিপুর।


## তাঁতশিল্পের উন্নয়নের জন্য পুরস্কার

পশ্চিমবঙ্গের শিল্প-অধিকার রাজ্যের হাতে-চালানো তাঁতশিল্পের বিভিন্ন বিভাগের উন্নতির জন্য ১৯৫৬-৫৭ সালে নগদ ১০,০০০ টাকা পুরস্কার ঘোষণা করেছেন। হাতে চালানো তাঁতের উন্নত যন্ত্রপাতি ও সরঞ্জাম আবিষ্কার, তাঁতে-বোনা কাপড়ের শ্রেষ্ঠ নমুনা, কাপড় বোনা ও ছাপানোর শ্রেষ্ঠ নক্সা, মিহি সুতায় বোনা কাপড়ের শ্রেষ্ঠ জমি এবং আধুনিক রুচি উপযোগী অথচ আটপৌরে কাপড়ের শ্রেষ্ঠ নমুনার জন্য এই পুরস্কার দেওয়া হবে।

যে-কোনো প্রতিযোগী একাধিক বিষয়ে প্রতিযোগিতায় নাম পাঠাতে পারেন। যে সব নমুনার জন্য পুরস্কার দেওয়া হবে সেগুলি ফেরত দেওয়া হবে না।

যোগদানেচ্ছু শিল্পিগণ এই প্রতিযোগিতায় হাতের কাজ সহ ১৯৫৭ সালের ৭ই ফেব্রুয়ারীর মধ্যে তাঁদের নাম স্ব স্ব জেলার সহ-সমবায় নিয়ামকের অফিসে জমা দিতে পারেন।

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রচারিত।

## নোটিস

জমিদারি গ্রহণ আইনের ৫২ নং ধারা অনুসারে বাংলায় ১৩৬৩ সনের ১লা বৈশাখ হইতে সকল রায়ত ও অধস্তন রায়তের অধীন জমির স্বত্ব রাষ্ট্রে বর্তাইয়াছে। সুতরাং রায়ত ও অধস্তন রায়তগণ জমিদারি গ্রহণ আইনের ৯ (১) নং ধারা অনুসারে বাংলা ১৩৬৩ সনের ১লা বৈশাখ হইতে এক বৎসরের মধ্যে তাঁহাদের কিছু বকেয়া থাকিলে তাহা রাজ্য সরকারের দ্বারা আদায়ের জন্য আবেদন করিতে পারেন। নির্দ্দিষ্ট ফরমে আবশ্যক বিবরণাদি সহ দরখাস্ত নির্দ্ধারিত সময় সীমার মধ্যে মুর্শিদাবাদের জমিদারি গ্রহণের অবর সমাহর্ত্তার মাধ্যমে রাজ্য সরকারের নিকট দাখিল করা যাইতে পারে। স্বাঃ এইচ সি দত্ত, অবর সমাহর্ত্তা, জমিদারি গ্রহণ, মুর্শিদাবাদ—বীরভূম।



"মুখের পানে চাহিনু অনিমেষে
বাজিল বুকে সুখের মতো ব্যথা।
মেঘের মতো গুচ্ছ কেশরাশি
শিথান ঢাকি পড়েছে ভারে ভারে"

সকল সময়ে, সব ঋতুতে জবাকুসুম আপনার কেশ-সৌন্দর্য বৃদ্ধি করতে নিশ্চয়ই সাহায্য করবে।

# জবাকুসুম

কেশ তৈল

**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**

জবাকুসুম হাউস, ৩৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা-১২

১১৭, আর্মেনিআন ষ্ট্রীট, মাদ্রাজ-১

CKJ.3BE.58



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত